

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

শৈত্য প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

(টাংগাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, যশোর, চুয়াডাঙা, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার জন্য)


প্রকাশের তারিখ : ০৯ জানুয়ারি ২০২৩

হালনাগাদের তারিখ : ১২ জানুয়ারি ২০২৩

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী টাংগাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, যশোর, চুয়াডাঙা, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলায় মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে উপরোক্ত জেলাগুলোর জন্য নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- কুয়াশা ও তীব্র শীতের এ অবস্থায় বোরো ধানের বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- প্রতি ১০ লিটার পানিতে ৭০-৮০ গ্রাম ৮০% এলিমেন্টাল সালফার ভালো ভাবে মিশিয়ে ৪-৫ শতাংশ বীজতলায় স্প্রে করা যেতে পারে। এতে ঠান্ডার ক্ষতিকর প্রভাব কমিয়ে আনা যায়।
- ঠান্ডার প্রকোপ থেকে রক্ষা এবং চারার স্বাভাবিক বৃদ্ধির জন্য-
 - বীজতলা রাতে স্বচ্ছ পলিথিন দিয়ে ঢেকে দিন
 - বীজতলা থেকে পানি সকালে বের করে দিয়ে আবার নতুন পানি দিন
 - প্রতিদিন সকালে চারার উপর জমাকৃত শিশির ঝরিয়ে দিন
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে আলুর নাবী ধ্বংস রোগের আক্রমণ হতে পারে। প্রতিরোধের জন্য অনুমোদিত মাত্রায় ম্যানকোজেব গোত্রের ছত্রাকনাশক ৭-১০ দিন পর পর স্প্রে করুন।
- সরিষায় অলটারনারিয়া ব্লাইট রোগ দেখা দিতে পারে। রোগ দেখা দেওয়ার সাথে সাথে অনুমোদিত মাত্রায় ইপ্রোডিয়ন গোত্রের ছত্রাকনাশক ১০-১২ দিন পর পর ৩ থেকে ৪ বার স্প্রে করুন।
- ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠান্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট দিয়ে ঢেকে দিন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর ঘর চট/কালো কাপড় দিয়ে ঘিরে দিন এবং হাই ভোল্টেজ বাব জালিয়ে রাখুন।


 (ড. মো: শাহ কামাল খান)
 প্রকল্প পরিচালক